দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 JUN 1997 ...
পৃষ্ঠা ২ কলাম ৬

01

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
## জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৭

**সময়সূচী ঃ**

| | |
|---|---|
| প্রতিষ্ঠান পর্যায়ের অনুষ্ঠান | ঃ ২১-৩০শে জুন, ১৯৯৭ |
| থানা পর্যায়ের অনুষ্ঠান | ঃ ৭-১৪ই জুলাই, ১৯৯৭ |
| জেলা পর্যায়ের অনুষ্ঠান | ঃ ২৪-৩১শে জুলাই, ১৯৯৭ |
| বিভাগীয়/বিশ্ববিদ্যালয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ ৯-১৬ই আগস্ট, ১৯৯৭ |
| জাতীয় পর্যায়ের অনুষ্ঠান | ঃ ১৪-১৬ই সেপ্টেম্বর, ১৯৯৭ |

**ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতার বিষয় ঃ**

১। কেরাত ২। হামদ/নাত ৩। রচনা প্রতিযোগিতা বিষয় ঃ অনির্ধারিত (৩০ মিঃ) ৪। বাংলা কবিতা আবৃত্তি (স্বনির্বাচিত) ৫। উপস্থিত বক্তৃতা ৬। সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা ৭। দেশাত্মবোধক গান ৮। রবীন্দ্র সংগীত ৯। নজরুল সংগীত ১০। লোকগীতি ১১। উচ্চাঙ্গ সংগীত ১২। তাৎক্ষণিক অভিনয় ১৩। আধুনিক নৃত্য ১৪। লোক নৃত্য।

**প্রতিযোগিতার গ্রুপ ঃ**

| | | |
|---|---|---|
| ক গ্রুপ | ঃ | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী |
| খ গ্রুপ | ঃ | ৯ম ও ১০ম শ্রেণী |
| গ গ্রুপ | ঃ | একাদশ থেকে তদূর্ধ শ্রেণী (কলেজ পর্যায়) |
| ঘ গ্রুপ | ঃ | বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র/ছাত্রী |

শিক্ষা সপ্তাহ '৯৭ উপলক্ষে থানা নির্বাহী অফিসারকে প্রধান করে থানা কমিটি, জেলা প্রশাসককে প্রধান করে জেলা কমিটি এবং বিভাগীয় কমিশনারকে প্রধান করে বিভাগীয় কমিটি গঠন করা হয়েছে।

**শিক্ষা সম্মেলন ঃ**

থানা পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত শিক্ষা সম্মেলনের আয়োজন করতে হবে। শুধু মাত্র থানা পর্যায়ে শিক্ষা মেলা অনুষ্ঠিত হবে। এ জন্য বাড়তি বরাদ্দ দেয়া হয়েছে। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়বস্তু হবে "বিজ্ঞান ও কারিগরী শিক্ষার উন্নয়ন"।

**শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন ঃ**

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালা অনুসরণে দেশব্যাপী মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান ও শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষিকা নির্বাচন করা হবে। আগামী ০৫-০৭-৯৭ইং-এর মধ্যে থানা নির্বাহী কর্মকর্তার নিকট শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় তথ্য ও প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষকের নাম জীবন বৃত্তান্তসহ প্রেরণের অনুরোধ করা যাচ্ছে।

**পুরস্কার বিতরণ ঃ**

জাতীয় পর্যায়ের চূড়ান্ত নির্বাচনের পর শ্রেষ্ঠ ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করা হবে।

ডিএফপি -১৪১১২-১৪/৬/৯৭
স-১৭১৫/৯৭ (৮"×২)